


AGOMONI 2017

Presented by Bichitra





AMIT BINDRA

204.293.8899

Looking to
BUY, SELL & BUILD
CALL "YOUR WINNIPEG REAL ESTATE
CONNECTION"

WWW.REALESTATEINWINNIPEG.CA

amit@amitbindra.ca



SOLD!

Thinking of BUYING or SELLING?

**Looking for a negotiator?
Please contact me at**



Reza Quadir
Realtor

Mobile (204) 960-9222
reza100@outlook.com



Purna Satpathy
purnalpana@yahoo.com



One community member
serving other
community members

Services provided:
Mortgage
Insurance (Life, Critical, Disability)
Investments (RESP, RRSP, TFSA)

It doesn't cost a penny to get second opinion

204-509-0235



VERICO®



Himanshu Patel
*Mortgage Professional
Life insurance advisor
Commissioner for Oaths
Income Tax advisor*

- ❖ Over 16 years of experience in the financial service industry.
- ❖ Working with all the major banks and credit unions
- ❖ 2013 Silver Club Award for outstanding sales and service.
- ❖ 2014 Bronze Club Award for outstanding sales and service.
- ❖ 2015 Silver Club Award for outstanding sales and service.
- ❖ 2015 Rising Star Award.

Protect your family when you're not there to protect them



Desjardins
Insurance

- ❖ Life, disability, and critical insurance.
- ❖ Visitor visa and parent's super visa insurance.
- ❖ RRSP, GIC, and other investments.

Preparing income tax returns for family and business

- ❖ A dedicated family and business income tax advisor.
- ❖ A commissioner for oaths for the province of Manitoba, I am empowered to take and receive oaths, affidavits and affirmations.

RRSP

RESP

Insurances

Mortgages

Cell: 204-995-5456

Tax Returns

here to help you with all your banking needs!

- DAY-TO-DAY BANKING
- LOANS + MORTGAGES
- LINES OF CREDIT
- DEPOSITS
- HELP ESTABLISHING CREDIT



I'm a proud member of the Bengali community in Winnipeg, and able to speak Hindi, Bengali, and English. Helping my members achieve their goals is my number one priority!

Shovan Dutta, ASSOCIATE

sunovacu.ca | 204.790.6920

sunova
CREDIT UNION

where relationships matter most.

open 7 days a week | 1033 St. Mary's Road



Planning to
buy or sell a
home?

EXCLUSIVE SPECIAL FOR BICHITRA MEMBERS



CALL ME 24 Hours/7 Days A Week: 204-818-0707

SHAWN SOMMERS

REALTOR®

Century 21 Carrie.com

1046 St. Marys Rd, Winnipeg MB

shawn@shawnsommers.com

www.ShawnSommers.com



2017 DURGA PUJA PREETI o SUBHECCHA
from
Mr. SUKHJIT BHANDAL



**BHANDAL
LAW OFFICE**

Sukhjit Bhandal

B.Sc., M.A., LL.B.

Barrister, Solicitor and Notary Public

Phone: (204) 668-3502

Fax: (204) 669-0837

186 Henderson Hwy.
Winnipeg, Manitoba
Canada R2L 1L6

Email: sbhandal@bhandallaw.com

<u>Table of Contents</u>	
Puja Schedule.....	7
Bichitra Executive Committee 2016-2018.....	8
Message from Executive Committee.....	9
Durga Puja Committee 2017.....	10
Message from Durga Puja Chairperson.....	11
Paintings	
Prothoma Bhatta	12
Aninda Saha.....	13
Mimi Saha	15
Aarya Roy Chowdhury.....	16
Chitrangada Chaudhuri.....	17
Anna Das.....	18
Ayshani Mukerji.....	19
Shruti Mukerji.....	20
Ayush Majumdar (Piku).....	21
Poem	
Prothoma Bhatta.....	22
Bibhu Mandal.....	23
Article	
Neil Mazumder.....	24
Pranab Debnath.....	27
Prasanna Ghosh Roy.....	39
Dr. Sakti Prashad Banik.....	40
Anna Das.....	41
Jayanta Debnath.....	43
Mrinmoy Debnath.....	45
Prothoma Bhatta.....	46
Makhan Bal.....	48
Photos	
Durga Puja 2016.....	54
Bijaya Sommiloni 2016.....	61
Diwali Mela 2016.....	64
Saraswati Puja 2017.....	65
Poila Boishak 2017.....	68
Canada Day 2017.....	72
Folklorama 2017.....	78
Rabindra Nazrul Jayanti 2017.....	80
Durga Puja Decoration 2017.....	85
Bichitra Member Directory	86

Durga Puja 2017

Bengali year: 1424

Venue: Hindu Temple
999 St. Anne's Road
Winnipeg, MB R2N 4G5

Schedule:

Durga Sashti:

Tuesday, September 26 (Ashwin 9)
Evening (8:00 pm-10:30 pm)

Saptami:

Wednesday, September 27 (Ashwin 10)
Morning (10:00 am-2:30 pm) and evening (8:00 pm-10:30 pm)

Maha Ashtami:

Thursday, September 28 (Ashwin 11)
Morning (10:00 am-2:30 pm) and evening (8:00 pm-10:30 pm)

Maha Nabami:

Friday, September 29 (Ashwin 12)
Morning (10:00 am-2:30 pm) and evening (8:00 pm-10:30 pm)

Bijoya Dashami:

Saturday, September 30 (Ashwin 13) Morning (10:00 am-2:30 pm)

Arati: 9:00 pm, all evening puja days

The time for Sandhi puja and Hom-yogna will be determined by the priest.

Arati: 9:00 pm, all evening puja days

The time for Sandhi puja and Hom-yogna will be determined by the priest.

Kojagori Lakshmi Puja: Wednesday, October 4 (Ashwin 17),
Evening: 7:30 pm

Bijoya Sammiloni: Saturday, November 18 (6:00 pm-10 pm)
Sterling Mennonite Church
1008 Dakota Street, Winnipeg R2N 1P2

Wishing you all

a blessed and delightful DURGA PUJA

Bichitra Executive Committee 2017-2018



Asit Dey:
President



Pijush Majumder:
Vice President



Bhaskar Saha:
Ex-President



Shapath Bhatta:
General Secretary



Jayant Debnath:
Treasurer



Triparna Lahari:
Cultural Secretary



Biswajit Chaudhuri:
Publication Secretary



Purna Satpathy:
Food Secretary



Joykrishna Sarkar:
Member at Large



Neil Ghosh:
Member at Large

Message from Executive Committee

The Bitchitra Executive Committee would like to welcome you all that have come to worship Ma Durga and take part in the celebration of Durga Puja. We extend our sincere greetings and best wishes to all the members and friends of Bichitra and to all the guests participating in this year's festivities. Of all the puja's we observe this is the one most closest to our hearts. This year marks the 38th year of Durga Puja festivities in Winnipeg.

Despite our very busy schedules and hectic lives many of us lead, Winnipeg remains one of the very few places in North America where we still manage to strictly follow the customary rituals and proper timings of Durga Puja as they do in India. This is a testament of our dedication. Your generous contributions, continuous support, and active participation have made this all possible for the last 37 years.

On this occasion, we sincerely thank all the members of Bichitra and of the Durga Puja Committee for their hard work and help in making the 2017 Durga Puja celebrations a reality, and thank the most dedicated editor, all the contributors and advertisers for making the publication of Agomoni a success.

Durga Puja Committee 2017

Chairperson: Karabi Roy Chowdhury

Priest: Pandit Venkata Machiraju

Puja Arrangements: Rimi Roy Chowdhury, Manju Roy, Anita Pandey, Sumi Dhar, Debjani Sarkar, Srijeet Saha, Shruti Mukerji, Suchita Ghosh, Asit Dey, Abhijit Chaudhuri, Ayan Mukerji, Tanmoy Ghosh, Udipto Dutta, Joykrishna Das and Aya Das.

Cultural Programs and Entertainment: Triparna Lahari, Krishna Bal

Puja Bhog: Rimi Roy Chowdhury, Anita Pandey, Shruti Mukerji, Sumi Dhar, Debjani Sarkar, Sadhana Chaudhuri

Puja Collections: Jayanta Debnath

Pandal Design and Preparation: Rimi Roy Chowdhury, Manju Roy, Anita Pandey, Sumi Dhar, Debjani Sarkar, Srijeet Saha, Shruti Mukerji, Suchita Ghosh, Asit Dey, Abhijit Chaudhuri, Ayan Mukerji, Tanmoy Ghosh, Udipto Dutta, Joykrishna Das and Aya Das.

Pandal Set Up: Rimi Roy Chowdhury, Manju Roy, Anita Pandey, Sumi Dhar, Debjani Sarkar, Srijeet Saha, Shruti Mukerji, Suchita Ghosh, Asit Dey, Abhijit Chaudhuri, Ayan Mukerji, Tanmoy Ghosh, Udipto Dutta, Joykrishna Das and Aya Das.

Food Committee: Executive Committee Members of Bichitra

Message from Durga Puja Chairperson



Dear Bichitra Members and Friends,

It gives me an immense pleasure to welcome all members and friends to the 38th Shree Shree Durga Puja, organized by Bichitra in 2017 in Winnipeg.

Durga Puja, also known as Sharadutsav, symbolizes the victory of virtue over the evil. This celebration enriches all our lives and serves to maintain our Bengal religious and cultural heritage.

I would like to thank all the well-wishers and volunteers who have devoted their time and contribution to make this auspicious occasion, Durga Puja successful.


I hope you all enjoy this year's puja. May the divine blessings of Goddess Durga enrich your life and fill your home and heart with happiness and joy. Wish you a happy Durga Puja!

Sincerely,
Karabi Roy Chowdhury
Chairperson, Durga Puja Committee 2017


Paintings




Prothoma Bhatta




Aninda Saha



Aninda Saha



Mimi Saha



Arya Roy Chowdhury



Chitrangada Chaudhuri



Anna Das



Ayshani Mukerji



Shruti Mukerji



Ayush Majumdar

Poems

ART

Prothoma Bhatta

Art is a language that anyone can learn
Express your imagination and feeling all can be done
Art can be showed with your brush and the hands
Love or grief then start to dance with its friends
Definition of art is defined by your allurements
You will be amazed by power of its enticement
If you are sad, blue or gloomy,
Remember an art can make you happy and lively.

খণ্ডন ভববন্ধন গান

বিকৃতি মণ্ডল

গাইতে বোল না আর মোরে
মায়ার ভুবন বাধুক আমায়
দুঃখ সুখ আর প্রেম ভোরে ।

দূরে থাকা নয় ওগো প্রিয় সখি
মধুর লগন বৃথা যাবে সেকি
বইছে দখিলা গাইছে কোকিল
ফুল ফুটে ফুটে যায় ঝরে
খণ্ডন ভব বন্ধন গান
গাইতে বোল না আর মোরে ।

চল মালা গাখি ফুল সাজে সাজি
পরজের সুরে গাব গান আজি
যাব দূরে যাব আপন হারাব
সুখে সুখে প্রাণ লব ভোরে ।

আমি চাই মোর এ প্রাণ ভরা
রবেগো মানুষ রবে এই ধরা
মায়ার বাধন ফিরাক আমায়
এ ধরার বুকে বারে বারে
খণ্ডন ভব বন্ধন গান
গাইতে বোল না আর মোরে ।

Articles

KAMAL CHANDRA DE

Neil Mazumder (forwarded by Devjani Chaudhuri)

Neil is Devjani's brother's school friend

Kamal Chandra Dé (Uncle) was a second father to me. Having lost my father at a young age, Uncle assumed a paternal role quite early on in my life. I have been Rudro's (his son's) friend from primary school and thus a part of the Dé family all my life. Devjani (Didi), Devasmita (Bonty), Rudro and I grew up together. Upon my father's premature demise, my mother and my sister moved abroad. My move, albeit shorter, was a more fulfilling one to the Dé family home on Gokhale Road.

Uncle was the archetypal head of the family – strict, stern and disciplined. I was a bit scared of him at first. The old adage that children should be seen and not heard, never felt more real than when we were around him. However, with time I got to know him better and discovered that he was an incredible person with the most interesting collection of anecdotes on just about any subject. I soon became an eager listener and remain to this day, his most ardent fan.

Uncle was the most learned and distinguished person I knew. He was the perfect mix of educated English gentry and the eminent Bengali zamindar. He was methodical in his ways and abhorred flippancy. If I could describe Uncle in a few words, I would say he reminded me of Chhabi Biswas in Satyajit Ray's "Jalsaghar", predominantly in the scene when he puts his cane forward to stop a guest from recompensing the dancer before himself (the host)!

But what I enjoyed most about my time with Uncle was his vast collection of stories which he would share during any casual discussion or event.

I recall the one time when the conversation at dinner moved to the subject of liqueurs. Uncle asked me if I knew why every bottle of Benedictine had the letters DOM on it. Needless to say I was clueless but eagerly awaited his response. He said that Benedictine liqueur came from the Benedictine Abbey of Fécamp in Normandy and was initially an aromatic herbal beverage developed by the monks for medicinal purposes. It so happened (Uncle went on) that the monk who invented the liqueur fainted shortly after tasting it. The other monks, concerned about the health of their colleague, rushed to his side to revive him. When he came to, his first words were "Deus Optimus Maximus" ("To God, most good, most great") in praise of the outstanding taste of the fine liqueur he had just created, whence the abbreviation on every bottle since! I never questioned Uncle's stories as I always found them enthralling. I did however visit Fécamp much later in life. The monk who invented the liqueur was a Benedictine Venetian of the Renaissance era by the name of Dom Bernardo Vincelli. Uncle's story was never confirmed but this mattered little because his narratives at the time were an incredible source of joy to the fascinated adolescent.

Many years later Uncle and Auntie came to visit me in Paris. While walking past a Daniel Hechter men's clothing store, he called me to look into the shop window at a pair of cufflinks. I remarked that they were quite unique, as one had a question mark and the other

an exclamation mark. He asked me if I knew why that was so. I replied that I didn't but instantly liked where this was going. It appears that Victor Hugo was so apprehensive about public response to his recently transcribed "Les Misérables" that when the publication was released he impatiently sent his publishers a note with a "?" on it. To his extreme gratification, the response from the publishers was an "!" denoting the novel's huge success!

Uncle had a dry sense of humour. On the aforementioned trip to Paris, I photographed Auntie in front of Notre Dame at exactly the same spot where I recalled having seen an old photo of her from 40 years earlier. I eagerly showed the new photo to Uncle, thinking it would evoke memories of his previous visit to Paris with his wife. He looked at the photo and calmly remarked, "Well, at least Notre Dame still looks the same!" At moments like these, Uncle reminded me of the likes of Shaw. One of Uncle's yarns involved an incident in the playwright's life when the elusive Garbo suggested Shaw marry her since their children could then have her looks and his brains. To this, the subtle Shaw replied, "But Madam, what if it were the opposite?!" However improbable the situation may seem, I somehow feel that under similar circumstances, Uncle, although no less appreciative of Garbo's beauty than any other man, would not have answered any differently.

Uncle introduced me to classical music. Traditionally, classical music aficionados are usually initiated to it at a very early age. I was however in my late teens and found such form of music a tad boring. So Uncle did what he did best – brought western classical music into my life through facts. Beethoven's incredible symphonies were introduced with the fact that the composer was tone deaf, Mozart entered through my fascination for learning European languages – the Magic Flute was composed in German, the Marriage of Figaro in Italian. At first, I was never made to sit through a whole opera or a concert but just enjoy the occasional aria or symphony. Thus, opera started with Puccini's Che Gelida Manina from La Bohème and the Brindisi from Verdi's La Traviata. We went from light operettas by Rossini and Offenbach to Verdi's more dramatic Rigoletto and extravagant Aida. I soon began to enjoy them all.

There was a large collection of books at Gokhale Road and Uncle encouraged me to further develop my perusal of classics from both English and Bengali literature. Classics were a part of my school curriculum but in leisure I had more a penchant for the mystery novel. Uncle recommended a myriad of classic authors. We would then watch some of these works on film together. Speaking of films, Uncle also acquainted me with the world of old Hollywood. He owned original signed movie-cards from actors on the Silver Screen. He would bring me film books from the Calcutta Club library on actors, directors, producers of old Hollywood films. I thus familiarized myself with the likes of Hitchcock, Lubitsch, Cukor, De Mille and thespians like Bergman, Peck, Taylor, Burton etc. I would read about the making of Cleopatra or casting the role of Scarlett in Gone with the Wind. These films, of a time long gone, fascinate me to this day.

Teatime was a memorable daily ritual at Gokhale road. It was usually around 5 p.m. after the afternoon siesta. This was a classic moment with the Dé family – Uncle's tales were at their best, unexpected guests would drop by, experimental food would be eaten – teatime reminded me of something out of a Gerald Durrell novel!

The odd (offbeat not strange!) guest would show up around teatime. It would either be a friend of someone who wasn't home or someone whose name was so distorted by the guard and then the cook and the cleaner that no one wanted to receive the person in question. Among relatives, there would be the more welcome and those perhaps a little less desired – like the aunt who would systematically ask the children how much they scored in their math

tests (nicknamed “onke-koto-peyecho-pishi”). At this particular relative’s arrival and to avoid unwanted agony, the three bathroom doors would slam simultaneously with the three children disappearing behind them! I have thus found myself across a cup of tea with the relative in question - at first because I was unaware of her persistence when it came to mathematics but later simply because of a lack of a fourth bathroom at Gokhale Road!

Teatime was also when Uncle liked experimenting with food and we, the children, were usually his delightful scapegoats. Snacks with tea went through different phases. There was the time we brought the Belling oven over from my residence to Gokhale Road. Snacks at that time usually comprised of anything we could possibly bake in it. Over the mango season, Uncle’s mango purée arrived in endless tins and was added to everything one could conceivably imagine. An all-time favorite was Aunty’s delicious kheer with the solid “shawr” (cream) floating on it. Anyone casually passing by the verandah on his/her way to the kitchen on an ordinary afternoon could observe the kheer boiling on the kerosene stove endlessly. Another time Uncle pickled cucumber slices which we enjoyed with bread for a while. In fact Didi’s friend Bipasha decided to take her enthusiasm a step further and drink the liquid preserve. We had learnt the hard way never to get too ambitious with Uncle’s culinary experiments. Bipasha’s courageous move inevitably resulted in unspeakable consequences on her digestion!

Toast burning was a ritual at teatime at Gokhale Road. The pop-up function on the toaster died in the 70s and for years since then, everyone has been burning toast at Gokhale Road. Aunty would inevitably remember something she needed to do in the kitchen shortly after putting the bread slices in the toaster and would rush back too late. (In her defense I have to say that the hike from the kitchen to the toaster in the dining room was not a short one). Uncle always said that although car emissions in Calcutta accounted for significant carbon levels in the atmosphere, we definitely contributed our share to it with the quantity of black toast that came out of that toaster. But that blue toaster was an integral part of life at Gokhale Road so we never replaced it. It served multiple purposes. Some of us would warm our hands over it in the winter. A lot was accomplished around the toaster but we never remembered to release the toast in time. In retrospect, the smell of burnt toast was a far more efficient indicator of teatime than the imperceptible bell that Mahesh or Kalicharan rang occasionally!

My time with Uncle and the Dé family was a memorable part of growing up. I cannot recall a moment of my school or college years without them. Both Uncle and Aunty have been more than parents to me. The Bard said that some are born great and some have greatness thrust upon them. I think the same applies to families. We are all born into one but sometimes we unexpectedly find ourselves in the middle of one that becomes our own.

Uncle passed away earlier this year and although he is no longer physically among us, for me he lives on in my day-to-day life. There are often moments in tasks that I accomplish when I think of him. I am eternally grateful to have had him in my life all these years and for the rich legacy of love, respect, knowledge and understanding he has left us, his children.

-oo0oo-

জন্মান্তর

শ্রীপ্রণব

আমার বন্ধু পলাশ ছোটখাটো চেহারার সাদামাটা মানুষ। বন্ধুদের ভালবাসে, গুরুজনদের শ্রদ্ধাভক্তি করে। ওর প্রায় সব কিছুই ভাল। শুধু কেউ লম্বা চওড়া কথা বললে, অর্থাৎ জ্ঞান দিলে, সহ্য করতে পারেনা। তা সে গুরুজনই হোক বা অন্য কেউ। ছুতোনাটা করে তর্ক জুড়ে দেয়। আর তর্কে ওর সাথে ঐটে উঠবে, এমন লোক বোধহয় জন্মায়নি। হেরে গিয়ে প্রতিপক্ষ, বা তার সাঙ্গপাঙ্গরা যখন বল প্রয়োগে উদ্যত হয়, হাতে পায়ে ধরার দায়িত্বটা আমার ঘাড়েই চাপে। কারণ বেশির ভাগ সময় আমিই ওর সঙ্গে থাকি। নিষ্কৃতি পাওয়ামাত্র হাতের কাছে যা পাই, রিক্সা বাস বা ট্যাক্সিতে তুলে ফেলি ওকে। উর্ধ্বশ্বাসে ঘরে পৌঁছে হাঁপ ছাড়ি। এরকম একবার নয় বহুবার হয়েছে। তবু ওর চেতনা হয়না।

একবারের কথা বলি। কি একটা ব্যাপারে কলেজে ষ্ট্রাইক চলছে। মাসখানেক হতে চলল সমাধানের লক্ষণ নেই। উল্টে রাজনৈতিক নেতাদের ইন্ধনে পরিস্থিতি ঘোরালো হয়ে উঠছে। এই সময় মাননীয় মুখ্যমন্ত্রী আলোচনার জন্য প্রস্তাব পাঠালেন। ব্যস, নেতাদের মুখ চুন। সরকারকে প্যাঁচে ফেলে মজা করার উৎসাহ দপ করে নিভে গেল। খালে বিলে বুনো হাঁস শিকার এক কথা। আর সুন্দরবনে রয়াল বেঙ্গল টাইগারের মুখোমুখি হয়ে তাল ঠোকা অন্য ব্যাপার। দুটোর মধ্যে যে আসমান জমিন ফারাক, এরা সেটা জানে। আর জানে বলেই দুশ্চিন্তা। মুখ্যমন্ত্রী মহোদয় সোজা লোক নন। রাজনীতি করে চুল পাকিয়েছেন। কথার মারপ্যাঁচে বড় বড় নেতাদের ঘোল খাইয়ে ছাড়েন। ইচ্ছে করলে প্রধানমন্ত্রী হতে পারতেন, হননি কেন তিনিই জানেন। সদাই গম্ভীর মুখে পার্মানেন্ট ভ্রুকুটি। কখনো হাসেন না। এহেন বিভীষিকার মুখোমুখি হতে ঘেরকম বুকোর পাটা দরকার, আমাদের কারো ছিলনা। লড়াই করার উৎসাহ নিমেষে উবে গিয়ে আতঙ্ক মনে চেপে বসল। অথচ এতটা এগিয়ে পিছু হটাও যায়না। অগত্যা কথাবার্তায় চোস্ত ছাত্রনেতাদের নিয়ে একটা দল গঠন হল। কিছু পেশাদার নেতা সে দলে ভিড়ে পড়ল। যাদের লেখাপড়ার সাথে সম্পর্ক নেই। আমার তেমন কোনো ভূমিকা নেই। কথাবার্তা লিপিবদ্ধ করতে হবে তাই সঙ্গে রইলুম।

মিটিং এর দিন রওনা হওয়ার সময় পলাশ সঙ্গ নিল। বলল, ডালহাউসি যাচ্ছি, পথে বৌবাজারের মোড় পড়বে। সেখানে নামিয়ে দিস, মাসিমার বাড়ি যাব। বলে বেমালুম আমার পাশে চেপে বসল। গাড়িতে নয়, কমরেড মুখ্যমন্ত্রী একটা বড়সড় পুলিশ ভ্যান পাঠিয়েছেন। সেই তারের জালে ঢাকা খুপরী জানালাওয়ালা কালো ভ্যান। যা দেখামাত্র বুক দুর্ক দুর্ক করে ওঠে, সেইটাতে। লম্বা কাঠের বেঞ্চিতে আমার পাশে জুত করে বসে পলাশ চিনিয়ে দিল। বলল, এ হল প্রিজন ভ্যান, বুঝলি।

আর বোঝাবুঝি, বুক তখন হাতুড়ির ঘা পড়ছে। প্রিজন ভ্যান পাঠিয়েছে কি পোলাও কালিয়া খাওয়াবার জন্য। ছলছুতো করে প্রিজনেই নিয়ে ঢোকাবে। মনে পড়ল ছেলেবেলায় এক জ্যোতিষী ভবিষ্যদ্বাণী করে বলেছিলেন, এ ছেলের কলেজ জীবনে ফাঁড়া আছে। সেটা যে এভাবে ফলে যাবে স্বপ্নেও ভাবিনি। কেন যে মরতে সামিল হলাম। ভয়ে এই মাঘমাসের শীতেও দরদর করে ঘামছি। গাড়িটাও চলছে তো চলছেই। থামার নামটি নেই। থামলে না হয় চেষ্টা করে দেখতাম পেছনের দরজা খুলে কেটে পড়া যায় কিনা। কি বিপদেই যে পড়া গেল। টিমটিমে আলোয় চেয়ে দেখি বাদ বাকি সবার অবস্থাও তেমন সুবিধার নয়। কেউ হাত কচলাচ্ছে। কেউ নাক চুলকোচ্ছে। কেউ বা মাথা নিচু করে থম হয়ে বসে রয়েছে। কথাবার্তা বন্ধ। বুক বলভরসা পেলাম। আমি তাহলে একা নই। এদের অবস্থা আমারই মত। যাকগে, যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ। যা থাকে কপালে। এরপর কি করা উচিত, সেটা ভাবাই ভাল। জেলে পৌঁছে প্রথম কাজ হবে বাড়িতে একটা খবর দেওয়া। দূর সম্পর্কে এক আত্মীয়ের

লালবাজারে কিষ্কিৎ যাতায়াত আছে। তাকে ধরাধরি করে রক্ষা পেলেও পেতে পারি। এই রকম আকাশপাতাল ভাবছি। বাঁকুনি দিয়ে গাড়ি থামতে চমকে উঠলাম। দেখি একজন পুলিশ দরজা খুলে দাঁড়িয়ে। ভাবটা এরকম, নেমে এসে হে বাপধনরা, হাড়িকাঠ তৈরি। চল দেখি কেমন হাড়িকাঠ। এক পা দু পা করে গাড়ি থেকে নেমে আমি তাজ্জব। জেলখানা তো মনে হচ্ছেনা, এ যে দিব্যি রঙচঙে দালান কোঠা।

এ হল রাইটার্স বিল্ডিং, পাশ থেকে কে যেন মন্তব্য করল। চমকে ফিরে দেখি পলাশ। আশ্চর্য, ও কোথেকে উদয় হল। আকাশ থেকে পড়ল নাকি। পলাশ মুচকি হাসে। বলে, সঙ্গেই ছিল এতক্ষণ, ঘাপটি মেরে বসে। চিন্তায় ডুবে ছিলাম বলে খেয়াল হয়নি। তাই বল, সঙ্গে ছিল। ঠিক আছে, সঙ্গেই থাকুক, দল ভারি হলে ভরসা বাড়ে।

হাঁ করে দেখবি, না ভেতরে যাবি। চল চল রগড় দেখবি চল, পলাশ তাড়া লাগাল। আমি বলে পালাতে পারলে বাঁচি, আর ও রগড় দেখতে চায়। যা থাকে কপালে, পেছনোর পথ যখন বন্ধ, এগোনো ছাড়া গতি নেই। জয় দূর্গা, বলে দুই বন্ধু গুটি গুটি দলটার পিছু নিলাম।

মিটিং রুমে ঢুকে দেখি গদিআটা সিংহাসন, ঘরের একপ্রান্তে। সম্ভবত মন্ত্রীমশাইর জন্য। মুখোমুখি কয়েক সারি টিনের ফোল্ডিং চেয়ার। এগুলো আমাদের জন্য বুঝতে অসুবিধা হলনা। নেতারা যে যার পছন্দমত জায়গা বেছে বসে পড়ল। পোড় খাওয়া নেতারা রইল সামনের সারিতে। আমি আর পলাশ এলেবেলে। একেবারে পেছন দিকে, দরজার কাছাকাছি দুটো চেয়ার টেনে বসে পড়লাম। ভালই হল, সুবিধামত সটকান দেওয়া যাবে।

মন্ত্রীমশাই তখনও আবির্ভূত হননি। নেতারা নিচুগলায় আক্রমণাত্মক বিষয়গুলো আর একবার ঝালিয়ে নিচ্ছে। এই সময় ময়লা গেঞ্জি আর ছেঁড়া হাফপ্যান্ট পরা একটা বাচ্চা ছেলে সবার হাতে হাতে মাটির ভাঁড়ে চা আর লেড়ে বিস্কুট ধরিয়ে দিয়ে গেল। রাগে হাড়পিপ্তি জ্বলে গেল। চাকর বাকর ঠাউরেছে নাকি আমাদের! অতিথি হিসেবে সন্দেশ রসগোল্লা না হোক, ভদ্রস্থ কাপে চা আর চানাচুর জাতীয় কিছু দেওয়া উচিত ছিল। কিন্তু এ কি, এ যে ডেকে এনে অপমান। আশ্চর্যের বিষয়, কারো আক্ষেপ নেই। মুফতে যা পাওয়া যায়, মাটির ভাঁড় লেড়ে বিস্কুটই সহ। চটপট সদ্যবহারে লেগে গেছে। শুধু পলাশ কানে কানে বলল, খেল খুব জমবে দেখিস।

খেল কিন্তু জমলো না, পয়লা রাউন্ডেই খতম হয়ে গেল।

শুরুটা অবশ্য মন্দ হয়নি। নেতারা তৈরিই ছিল। কমরেড কিছু বলার আগেই রে রে করে ঝাঁপিয়ে পড়ল। একগুচ্ছ অভিযোগ। বিশ দফা দাবিদাওয়া। না মানলে জোরদার লড়াই, ধর্মঘটের হুমকি, শিলাবৃষ্টির মত আছড়ে পড়ল কমরেডের ওপর। ভাবলাম এনার হয়ে গেল। নির্ঘাত কাছাকোঁচা সামলে পিটটান দেবেন। তা কিন্তু হল না। কমরেড চুপ করে সবটুকু শুনলেন, ভুরুকুটি গভীর হল মাত্র। চৈচামেচি শান্ত হতে ঝাড়লেন নক আউট পাঞ্চ। সে যে কি জিনিষ বলে বোঝানো যাবেনা। কি বলেছিলেন মনে নেই, তবে তার জবাব ছিলনা কারো কাছে। বাক্যহারা হয়ে এ ওর মুখ চাওয়া চাওয়া করছি আর বেঙ্গল টাইগার নির্ণিমেষ নয়নে চেয়ে আছে আমাদের দিকে। হাসতে মানা, নইলে নির্ঘাত ঘর কাঁপিয়ে ব্যাল্‌হাসি শুনতে পেতাম। জবাব আসছেনা দেখে সময় নষ্ট না করে কমরেড নিজেই বলা সাব্যস্ত করলেন। শুরু হল কথামালার উপদেশ, ময়দানী বক্তৃতার ঢং এ। মার্ক্সবাদী পাঠ্যপুস্তকের শব্দ শব্দ কথা তিরের মত ধেয়ে এল আমাদের দিকে। সেই চিরন্তন বুলি, বাঁধা গতে। শ্রমিক, মালিক, শোষণ, সংগ্রাম, আধিকারের জন্য লড়াই। একটা বিপ্লব চাই। সেটাই মুক্তির পথ। ছাত্রদের কর্তব্য তাতে সামিল হওয়া, ইত্যাদি।

নেহাৎ পালাবার পথ বন্ধ। তাই চিরতার গেলাসে চুমুক দিচ্ছি, এমন মুখ করে শুনে যেতে লাগলাম। ভুলে গেলাম, যে আধিকারের কথা বলছেন তার দাবিতেই এখানে আসা। এদিকে বলতে বলতে কমরেডের ভাব এসে গেছে। উত্তেজনায় চোখমুখ রাঙা হয়ে উঠেছে।

হঠাৎ কে যেন বলে উঠল, আপনি কোন পক্ষের, মালিকের না শ্রমিকের? উচ্চস্বরে নয়, তবে স্পষ্ট কথাগুলো ভেসে এল ঘরের পেছন থেকে। পলকে বক্তৃতা থেমে গেল।

কার এত সাহস, কে বলে এ কথা। উৎসর্গ সবাই ঘাড় ঘুরিয়ে খুঁজতে লাগল। পেছনে কে বসে ঠাহর হয়না, তাই কমরেড উঠে দাঁড়ালেন দেখতে। ইতিমধ্যে পলাশও উঠে দাঁড়িয়েছে। মুখোমুখি বাঘ আর শিকার। বাঘের মুখে হাসির রেখা। না কি তাচ্ছিল্যে ! মনে হল দুটোই।

শুরু হল প্যাঁচ কষা। তর্কের প্যাঁচ। অনেকটা সাবেক কালের কবির লড়াইয়ের মত। তফাৎ একটাই, এতে সুর বা ছন্দের লেশমাত্র নেই। ঘটনাটা এত অকল্পনীয় যে আমরা স্রেফ দর্শক হয়ে বসে রইলাম।

বেশিক্ষণ বসতে হলনা, পাশা উল্টে গেল। মন্ত্রীমশাইয়ের মুষ্কিল হল তিনি রাজনীতি করে উপরে উঠেছেন। শোষণ, নিপীড়ন, কৃষক, মজদুর, শ্রমিক, সংগ্রাম, এই দুর্বোধ্য জিনিষগুলো ভালই বোঝেন। এবং সুযোগমত কাজে লাগিয়ে প্রতিপক্ষকে ঘোল খাইয়ে ছাড়েন। একটা সময় ছিল যখন মাটির কাছাকাছি ছিলেন। সে সব দিন চলে গিয়েছে। এখন এয়ার কন্ডিশনড বাড়ি, গাড়ি, কথায় কথায় বিদেশে পাড়ি, পেটে স্কচ, প্লেটে বিরিয়ানি। এসবের ঠ্যালায় তালগোল পাকিয়ে সাধারণ মানুষের জীবনযাপনের দিকটা এখন আর স্বচ্ছ নয়। আর পলাশের সুবিধা হল, মধ্যবিত্ত ঘরের ছেলে হওয়াতে সমস্যা জর্জরিত মানুষের সুখ দুঃখের দিকটা ওর কাছে পরিষ্কার। উপরন্তু যুক্তিতর্কে পটু। ওর যুক্তিগুলো অকাট্য তো বটেই, সুযোগমত অদ্ভুতও বটে। এহেন প্রতিদ্বন্দ্বীর মুখোমুখি আগে কখনও হয়েছেন বলে মনে হলনা। মিনিট পাঁচ সাতও যায়নি। পলাশের কথার জালে জড়িয়ে পড়ে নড়াচড়ার যো রইল না। আমতা আমতা করে শেষে একেবারে ফিউজ হয়ে গেলেন। আমাদের মুখে চাপা হাসি, উল্লাস বুঝি আর গোপন থাকেনা। কমরেডের ফর্সা মুখ ক্রমশঃ রক্তবর্ণ ধারণ করল। মুখে কথাটি নেই, কেবল আঙুলগুলো টেবিলে টরেটক্লা বাজিয়ে চলেছে। ভাবলাম হয়ে গেল, আজ রক্ষা নেই। কপালে জেলখানাই নাচছে।

শেষ পর্যন্ত তা হয়নি ঠিকই। অক্ষত দেহেই ঘরে ফিরেছিলাম। তবে শূন্য হাতে, পাওনাগন্ডা কিছু মেলেনি। এ ই হল পলাশের পরিচয়।

আরেকবারের ঘটনা, এটাকে কি বলব জানিনা। বিপর্যয় বলে যেতে পারে। তখন কলেজে থার্ড ইয়ারে পড়ি। কলকাতার সাদার্ন এভিনিউ ধরে আমি আর পলাশ গল্প করতে করতে হেঁটে আসছি। যে জায়গায় বিরাট গেটওয়ালা, ফুলের লন দিয়ে ঘেরা প্রাসাদের মত বাড়িগুলো। সেরকম একটা বাড়ির সামনে থমকে দাঁড়লাম। ফুলের তোরণ, রঙিন শামিয়ানা, লাল কার্পেট দিয়ে সাজানো গেট। গাড়ির মেলা। প্রচুর লোকজনের আনাগোনা। বিয়েবাড়ির মত ব্যাপার স্যাপার, আবার ঠিক সেরকমও নয়। এখানে হচ্ছেটা কি ? পলাশ বলল, দাঁড়া, দেখে আসি। পাকানো গোঁপ আর গালপাট্টাওয়ালা দারোয়ান গেটে পাহারায়। তার সাথে দু চার কথা সেরে ফিরে এসে বলে, ভেতরে যাই চল। আমি অবাক। জানা নেই শোনা নেই ভেতরে যাব মানে। কি হবে গিয়ে ?

খাওয়া দাওয়া হবে, ভেতরে খ্যাঁটের ব্যবস্থা রয়েছে। আমি হাঁ করে চেয়ে আছি দেখে একধারে নিয়ে ফিসফিস করে বুঝিয়ে যা বলল তা এই। জগদ্বিখ্যাত ধর্মগুরু, শ্রীশ্রীপ্রেমানন্দ মহারাজ এখানে দয়া করে পদার্পণ করেছেন। উদ্দেশ্য, মায়াবদ্ধ মানবজাতির পাপভার লাঘব করা। যে চায় ভেতরে গিয়ে তার কৃপা লাভে ধন্য হতে পারে।

বললাম, বেশ তো, তা না হয় হল। এর মধ্যে খ্যাঁট আসে কোথেকে।

আরে বাবা, খ্যাঁট বিনা গুরুদেব হয় নাকি। গুরুদেব মানেই লুচি, মালপো, ক্ষীরপো, পুষ্পভোগ, এইসবের বাড়াবাড়ি। চল চল, দেরি করলে ফুরিয়ে যাবে, পলাশ তাড়া লাগাল।

ভেবে দেখলাম মন্দ বলেনি। সেই কোন সকালে খেয়ে বেরিয়েছি, পেটে ছুঁচো ডন মারছে। অগত্যা দুই বন্ধু গুটি গুটি ভেতরে চললাম।

হলঘরে ঢুকে আমি হতাশ। কোথায় গোলগাল দুধে ঘিয়ে মাখামাখি গুরুদেব দেখব। এ তার উল্টো। গরদের পাঞ্জাবি আছে ঠিকই। রঙটাও গেরুয়া ঘেঁষা। কিন্তু গুরু না হয়ে পোষ্ট আপিসের কেরানী হলে একে মানাতো ভাল। রোগাভোগা চেহারা। লাল মখমলের গদি আঁটা চেয়ারে আসনপিঁড়ি হয়ে বসে মিঠে হাসি হাসছেন। প্রভুর একটা চোখ টারায়। পলাশ বিজ্ঞের মত বলল, একে বলে লক্ষ্মীটারা, বুঝলি। বুঝলাম, অবাকও হলাম। এই চেহারা নিয়ে গুরুগিরি, এলেম আছে বটে !

‘ জয় গুরু ’, বলে শ্বেত পাথরের মেঝেয় পরমভক্তুর মত বসে পড়া গেল। সামনে শিষ্যরা সার বেঁধে পদধূলি নিচ্ছে। রেলের পিষ্টনের মত এনার শ্রীচরণ এগোচ্ছে পেছচ্ছে। একটা হাত আশীর্বাদের ভঙ্গীতে উঠছে নামছে। বেশ লাগছে দেখতে। বিশাল এক পঞ্চপ্রদীপ, ঘিয়ের বোধহয় জ্বলছে। তার গন্ধ, আর একরাশ ধূপের সুগন্ধ মিলেমিশে ঘোর লাগানো ধোঁয়ায় ঘরটা আচ্ছন্ন। এক স্বর্গীয় আবহাওয়ার সৃষ্টি হয়েছে। দেবরাজ ইন্দের রাজসভায় এবার অঙ্গরাদের আবির্ভাব হলেই ষোলকলা পূর্ণ। আমি আর পলাশ উদগ্রীব হয়ে দরজার দিকে চেয়ে আছি। এই বুঝি লুচি মালপো ঢুকল।

ঢুকল না, তবে বেরলো। হলঘরের চার কোণে চারটে জাম্বো সাইজের সাউন্ডবক্স ফিট করা। তার ভেতর থেকে গুঞ্জনধ্বনি ছিটকে বেরলো। একটা গুঞ্জন উঠল, বাচ্চালোগ শান্ত হয়ে বস। প্রভুর লীলাখেলা শুরু হচ্ছে। চমকে উঠে আমি আর পলাশ মুখ চাওয়া চাউই করছি। কেমন লীলাখেলা ? শ্রীকৃষ্ণ বৃন্দাবনে যেমন করতেন, সেরকম ? তাই যদি হয়, গোপিনীরা কোথায় ? না কি ম্যাজিক হবে !

না না ওসব নয়, একজন কর্মকর্তা আশ্বস্ত করলেন। টিভিতে সাক্ষাৎকারের মত। রোজকার অভ্যাসমত প্রভু ড্রয়িং রুমে বসে শ্রীভগবানের সঙ্গে গল্পগাছা করবেন। আর আমরা তা চাক্ষুষ করে জীবন সার্থক করব। সামান্য ব্যাপার, ভাবনার কিছু নেই।

উরিবাস, সাক্ষাৎকার। স্বয়ং শ্রীভগবানের সাথে। ভাবাই যায়না। কি ভাগ্যি ঢুকে পড়েছিলাম, তাই সুযোগটা পেয়ে গেলাম। দেখি কি হয়। উৎসুক হয়ে নড়েচড়ে বসলাম।

যা শুরু হল তাকে কি বলব জানিনা। অন্তরালে কে আছেন, প্রভু কার সাথে কথা বলছেন, বোঝা যাচ্ছেনা। কারণ আমাদের পাপক্ষেপে তিনি অদৃশ্য। এনার দিব্যক্ষেপে অবশ্যই দৃশ্যমান। নইলে এমন নিখুঁত কথা চলাচলি হয় কি করে। পাড়ায় গুরুপদের চায়ের দোকানে আড্ডায় যেমন হয়। অবিকল সেই জিনিষ। সেই ঠাট্টা ইয়ারকি, তর্কাতর্কি, পেছনে লাগালাগি। মাঝেমাঝে তুই তোকরিও আছে। শ্রীরামকৃষ্ণ রামপ্রসাদ যেমন করতেন। বাড়তি আছে সংস্কৃত শ্লোকের ছড়াছড়ি। সংস্কৃত মানে বিভীষিকা। স্কুলে ক্লাসে কত কানমলা খেয়েছি ইয়ত্তা নেই। সে সব মনে পড়ে যেতে খিঁধে টিঁধে উধাও হয়ে গিয়ে কাঁটা দিতে লাগল। আশেপাশে তাকিয়ে দেখি সবাই হাঁ করে শুনছে আর সমঝদারের মত মাথা নাড়ছে। কি যে ছাই বুঝছে ভগবানই জানেন। একা পলাশই এর ব্যতিক্রম। ও অধৈর্য হয়ে এদিক সেদিক চাইছে আর কেবলই উসখুস করছে।

বিরক্ত হয়ে চাপাষরে জিজ্ঞাসা করলাম, অত ছটফট করছিস কেন, ছারপোকা নাকি।

ছারপোকা না হাতি, রাগে গজগজ করতে লাগল ও। লুচি মালপোর দেখা নেই। আর এই ব্যাটাচ্ছেলে তখন থেকে উল্টোপাল্টা বকছে। ইচ্ছে করছে তেড়ে গালাগাল দিই।

সেরেছে, পলাশ ক্ষেপে গেলে বিপদ। কি অনর্থ বাঁধিয়ে বসে ঠিক নেই। মিষ্টি করে বোঝালাম, অত ব্যস্ত হলে কি চলে ভাই। স্পেশাল খ্যাঁট বলে কথা। রান্নাবান্না শেষ হতে দেরি হচ্ছে হয়তো। একটু সবুর কর, বকাবকি শেষ হলেই মেওয়া ফলবে।

মেওয়া ফলল না। উল্টে প্রভু আরেকটা শ্লোক ঝেড়ে দিলেন।

বললেন, *মূর্খো দ্বিজাতিঃ, স্ববিরো গৃহস্থঃ, কামী দরিদ্রো, নরঃ কদর্যো, লোকে ষড়েতানি বিড়ম্বিতানি।*

হাঁ করে চেয়ে আছি। কি বললেন, মাথামুন্ডু কিছুই বুঝলাম না। প্রভু বুঝিয়ে দিলেন তার পরের কথায়। বললেন, এর অর্থ জলের মত সোজা। শাস্ত্রজ্ঞানহীন ব্রাহ্মণ, অকর্মণ্য গৃহস্থ, কামাতুর দরিদ্র আর কুশ্রী মানব, এদের জীবন বিড়ম্বনাময়।

অ্যাঃ, বলে কি ! কে অকর্মণ্য, কামাতুর, কুশ্রী। আমরা নাকি ! আমাদের দিকেই তো চেয়ে আছেন মনে হচ্ছে।

নিঃসন্দেহে আমাদেরই বলা। পলাশ ঠিকই বলেছে, লুচি মালপো নেই, উপরন্তু অপমান। অসহ্য ! রাগে গা জ্বলতে লাগল। বেরিয়ে যাব কিনা ভাবছি, হঠাৎ পলাশ উঠে দাঁড়াল। তারপর প্রভুকে লক্ষ্য করে প্রশ্ন ছুঁড়ে দিল, আপনি কখনও পাপ করেছেন ?

ঘরে বজ্রপাত হলেও সবাই এতটা চমকাতো না। আড্ডা থেমে গেল। ঘাড় ঘুরিয়ে সবাই এদিকে চেয়ে। ভাবটা এরকম, ছোঁড়া দুটো কে, কোথেকে এল। এত সাহস প্রভুর কথার মাঝে বলে। পারলে দু'ঘা বসিয়ে দেয়।

আমি চোরাগোপ্তা ওর হাত ধরে টানাটানি করলাম যাতে বসে পড়ে। কিন্তু ও নাছোড়বান্দা, প্রভুর দিকে চেয়ে সটান দাঁড়িয়ে রইল।

প্রভু পোড় খাওয়া মানুষ। এ সব অনেক দেখেছেন, শুনেছেন। মোটেই চটলেন না। মুখে স্মিত হাসি ফুটিয়ে জবাব দিলেন, পাপ ? তা অল্পসল্প করেছি বৈকি। তুমি বুঝি করনি !

কথাটা এড়িয়ে পলাশ বলল, ভগবানের সাথে আপনার বেশ দহরম মহরম আছে দেখছি। আমার কিছু প্রশ্ন ছিল। দেখা হতে পারে ?

প্রভু একটু বেকায়দায় পড়লেন। পাপ করে নিজে ঈশ্বরের দেখা পেলে পলাশই বা পাবে না কেন। সে পাপ করুক আর না ই করুক। পলাশের আগের প্রশ্নটা তার পিছু হটা বন্ধ করার জন্য ছিল, এবার বুঝলেন। এও বুঝলেন সোজা রাস্তায় গেলে বিপদ। ছোকরার মতলব ভাল না। কায়দা করে পাশ কাটাতে হবে।

ভেবেচিন্তে প্রভু চালটা ভালই দিলেন। বললেন, তুমি কি ভগবান বিশ্বাস কর ?

প্যাঁচালো প্রশ্ন। বিশ্বাস করিনা বললে বলবেন, অবিশ্বাসীদের ভগবান দেখা দেননা। আজকালকার ছেলেছোকরা শতকরা একশোভাগ এই উত্তরই দেয়। পলাশও দেবে। আর নেহাৎই যদি উল্টোটা বলে। বলে বিশ্বাস করি। তাতেও ক্ষতি নেই। সমস্ত দায় ওর ঘাড়ে চাপিয়ে বলবেন নিজেই আর্জি জানিয়ে দেখুক, কাজ হয় কিনা।

জলে কুমির, ডাঙ্গায় বাঘ, বাছাধন কোথায় যাও দেখি। পরের চালেই কিস্তিমাতে। প্রভুর মুখের হাসি ছড়িয়ে পড়ে।

পলাশের উত্তর এল অনেকটা তলপেটে ঘুষির মত। কোঁক করে শব্দটাই যা হলনা।

বলল, ভগবান নেই, তিনি মারা গেছেন।

বলে কি। এতবড় স্পর্ধা ভগবানকে নিয়ে ইয়ারকি মারে। খোদ ধর্মসভায় দাঁড়িয়ে !

প্রভু এটা আশা করেননি। কিছুক্ষণ নির্বাক হয়ে রইলেন। দু'চোখে অবিশ্বাস। গুঞ্জন যেটা চলছিল, সেটাও স্তব্ধ। ঘরজুড়ে একটা থমথমে, কি হয় কি হয় ভাব।

এর মাঝে দেখি সেই গালপাট্টাওয়ালা দারোয়ান, সঙ্গে কজন ষন্ডা গুল্ডা দোরগোড়ায় এসে হাজির হয়েছে। মনে মনে কিছু চিন্তা করে প্রভুর মুখে বাঁকা হাসি ফুটে উঠল। ছোকরা যে নিজের পায়ে কুড়ুল মেরে বসেছে তা জানেনা। দু'পাতা বিজ্ঞান পড়ে ওস্তাদি করছে। বলে ভগবান নেই। ঠিক হ্যাঁ, ঘরভর্তি লোকজন। সবার সামনে প্রমাণ করুক দেখি ভগবান নেই। দেখা যাক ক্ষমতাটা। কোথায় খাপ খুলছে জানেনা। বেদ, বেদান্ত, গীতা, উপনিষদ, পুরাণ, রামায়ণ, মহাভারত থেকে শ্লোক ঝাড়তে শুরু করলে বাছাধন পালাতে পথ পাবেনা। কিন্তু না, প্রভু ঠিক করলেন, আগ বাড়িয়ে কিছু করার দরকার নেই। ফাঁসটা যখন তৈরি করেছে, নিজেই গলায় পড়ুক। তারপর না হয় ভালমন্দ শুনিয়ে দেবেন।

প্রকাশ্যে বললেন, বেশ তো, প্রমাণ করে দাও ভগবান নেই। আমরা মুখ্যসুখ্য মানুষ শুনে কেতাপ্ধ হই। বলে নড়েচড়ে বসলেন।

পলাশ একমুহূর্ত ইতস্তত করল। তারপর শুরু হল ওর বৈজ্ঞানিক ব্যাখ্যা, ক্লাশরুমে লেকচারের ঢং এ। নিউক্লিয়ার ফিজিক্স, অর্গানিক কেমিস্ট্রি আর ডিফারেনশিয়াল ক্যালকুলাস মিশিয়ে জটিল গণনা বোঝে কার সাধ্য। বাতাসে আঁকিবুকি কেটে বিস্তর আঁক কষে ফল বেরলো। শ্রীভগবান ভ্যাকুয়াম, নেই বললেই চলে, গুরুদেব জিরো টু দি পাওয়ার ওয়ান, মানে ফক্স।

প্রভু হাঁ করে করে চেয়ে রইলেন।

এই হল পলাশ।

নেহাৎ ভদ্রসন্তান, তাই সেদিন ঘাড়ধাক্কার হাত থেকে রেহাই পেয়েছি। দারোয়ান সসম্মানে গেটের বাইরে নিয়ে যাচ্ছে, দেখি সার বেঁধে বিস্তর খাবারদাবার মিষ্টির হাঁড়ি ঘরে ঢুকছে।

সমস্ত অন্তরাত্মা হায় হায় করে উঠল। তীরে এসে তরী ডুবল, একেবারে ভরাডুবি। স্রেফ পলাশের হটকারিতায়। মানা করলাম তর সইল না। বাবুকে তর্কে পেয়েছে। কর এখন তর্ক রাস্তায় দাঁড়িয়ে, যত খুশি। খ্যাঁট তো গেলই, মাঝখান থেকে অতগুলো লোকের সামনে বেইজ্জত, ছি ছি। পলাশের দেখি হেলদোল নেই। দিব্যি শিস দিতে দিতে রাস্তা চলছে। রাগে পিত্তি জ্বলে গেল। বললাম, কান্ডজ্ঞান নেই তোর। অমন খাওয়াটা ভেসে দিলি, হতভাগা গাধা। এখন কোন আক্কেলে শিস দিচ্ছিস। বললে, আহা চট্টিস কেন। প্রভুকে কেমন দিলাম বল। প্রভুকে দিলি বলেই ঘাড়ধাক্কাটাও খেলি। জুতোপেটাও করতে পারত। পুণ্য করেছিস তাই বেঁচে গেছিস। ভগবানই নেই তো পাপ পুণ্য, পলাশ নির্বিকার ভাবে জবাব দিল। ভগবান নেই। তুই ক্যালকুলাস দিয়ে প্রমাণ করবি ! আর পরীক্ষার আগে পাঁচবার ছুটবি তারকেশ্বরে পূজো দিতে। আহা, সে তো বেড়াতে যাই। অবশ্য প্রসাদও ফেলনা নয়, ও সাফাই দিল। আর পূজোটা ! সেটা বুঝি ভড়ং। দেখতে চাইলাম ও কতদূর যেতে পারে। আরে বাবা, পূজো না হলে প্রসাদ কি আকাশ থেকে পড়বে। পূজোটা উপলক্ষ, বলতে পারিস সাইড বিজনেস। বটে, সাইড বিজনেস। আসল বিজনেসটা কি। প্রেমট্রেম নাকি, কৌতুহল হয়। দূর, প্রেম আসবে কোথেকে। ওসব নয়। একটা প্রশ্ন, পলাশ এবার একটু গম্ভীর। একটাই প্রশ্ন বারবার জিজ্ঞাসা করি কিন্তু ঠাকুর মৌন থাকেন। যাক, স্বীকার করল ভগবান আছেন। কিন্তু এ দেখি নতুন ব্যাপার। প্রশ্ন করে। কি এমন প্রশ্ন যার জন্য বারবার যেতে হয়। পরীক্ষার প্রশ্ন, না কি অন্য কিছু। জবাব না দিয়ে পলাশ অন্যমনস্ক ভাবে হাঁটতে লাগল। কিছুদূর চলার পর দ্বিধাভরে বলল, শুনবি সে কথা। বলছি শোন। তবে মা যেন টের না পায়। কষ্ট পাবে। পথের ধারে গাছতলায় ঝুপড়িমত চায়ের দোকান। নড়বড়ে কাঠের বেঞ্চিতে ধুলো ঝেড়ে দুজন বসে পড়লাম। এক চুমুক চায়ে গলা ভিজিয়ে পলাশ শুরু করল ওর কথা। যে কথা এতদিন গোপন করেছিল। ও বলতে লাগল আর আমি অবাক হয়ে শুনতে লাগলাম।

পলাশের বাবা ছিলেন নামকরা পর্বতারোহী। খবরের কাগজে ছবি টবি বেরিয়েছে। ওর যখন বয়স বছর সাত আট হবে, স্কুলে পড়ে, কৈলাশ শৃঙ্গ অভিযানে গিয়ে ফেরেননি। পাহাড়ের কোন খাঁজে, গুহা কন্দরে তার নশ্বর দেহ পড়ে আছে কেউ জানেনা। জানিস, পলাশ বলে, মা অনেক মানা করেছিল। আমিও দুহাত আঁকড়ে বসেছিলাম, কিছুতেই যেতে দেব না। বাবা কারো কথা শোনেনি, হেসে উড়িয়ে দিয়ে বলেছিল, মিছেমিছি চিন্তা করছ তোমরা। কটা দিনের তো মাত্র ব্যাপার। বহাল তব্বিতে ফিরে এলে দেখবে কেমন হৈ চৈ পড়ে যায়। ফুলের মালা, অভিনন্দন, সংবর্ধনা, টিভিতে সাক্ষাৎকার, চাই কি একটা পদ্মশ্রীও জুটে যেতে পারে। আমার দিকে ফিরে বলেছিল, কি দারুন হবে বল দেখি। বন্ধুদের কাছে কেমন হিরো হয়ে যাবি। ভাল হবে না ? আমি মোটেই হিরো হতে চাইনি। চেয়েছিলাম বাবা যেন না যায়। শুনল না, জোর করে চলে গেল। আমাকে আর মাকে একা ফেলে। আর ফিরল না। একবারও ভাবল না আমাদের কি হবে। একটু থেমে বলতে লাগল, শুনেছি তুম্বার রাজ্যে মৃতদেহ সেরকমই থাকে, বদলায় না। এই এইখানে, বলে পকেটে হাত ঢুকিয়ে মানিব্যাগটা বার করল। আমি উৎসুক হয়ে উঠলাম। ব্যাগের খোপ থেকে একটা ফোটো বার করে আমার চোখের সামনে ধরল। এককালে এটা রঙিন ছবি ছিল ঠিকই কিন্তু সময়ের সাথে এবং সম্ভবত বারবার নাড়াচাড়া করার ফলে বিবর্ণ সাদা কালো ছবিতে দাঁড়িয়েছে। জলের ফোঁটা পড়ে দু এক জায়গায় ঝাপসাও হয়ে গেছে। তবু বোঝা যায় মরুভূমির মত একটা জায়গা। বরফের মরুভূমি। ধূ ধূ করছে বরফ। দিগন্তে গগনভেদী প্রাচীরের মত একটা কালো পাহাড় মাথা উঁচু করে দাঁড়িয়ে। দেখলে ভয় ভয় করে, মনে হয় পৃথিবীর নয়, অন্য কোনো গ্রহের ছবি দেখছি।

বলল, এই সেই জায়গা। এখানেই তাকে শেষ দেখা গেছে। কি মনে হয় জানিস, মোটেই হারায়নি, বাবা এখানেই কোথাও আছে। খুঁজলেই পাওয়া যাবে। হয়তো পাহাড়ের কোলে মাথা রেখে নিশ্চিন্তে ঘুমোচ্ছে। ঝুঁলেই জেগে উঠবে। বলবে, এ কি খোকা, তুই এখানে ! কি করে এলি, কে নিয়ে এল ! এ বড় ভয়ঙ্কর জায়গা বাবা, এখানে আসতে নেই। এক্ষুনি ফিরে যা, আর কক্ষনো আসিস না..... বলতে বলতে গলাটা ভারি হয়ে এল ওর।

একটু কেশে গলা পরিষ্কার করে আপনমনে বলে চলল, মা আগে খুব কান্নাকাটি করত। তারপর যা হয়, সংসারের তাপে চোখের জল শুকিয়ে গেল। বাবার কথা আর বিশেষ ওঠে না। কথাপ্রসঙ্গে একবার শুধু বলেছিল, ভগবান শিবের অধিষ্ঠান কৈলাশ পর্বতের শিখরে। সেখানে কারো যেতে নেই। কত বাধা দিলাম, বললাম, এত জায়গা থাকতে ওখানে কেন। শুনল না। শুনলে মানুষটা আজ ---'। বাকিটা না বললেও বুঝেছিলাম কি বলতে চাইছে।

দিনের আলো ফুরিয়ে এসেছে। আবছা আধাঁরে বিষন্ন ছায়ামূর্তির মত পাশে বসে পলাশ। রাস্তার উল্টো দিকে

একটা হাইরাইজ বিন্দিং আকাশের প্রায় পুরোটাই আড়াল করে দাঁড়িয়ে। তার অন্তরালে সূর্য কখন অস্ত গেছে বোঝা যায়নি। বিবর্ণ লাল প্রেক্ষাপটে বাড়িটা একটা ধূসর দানবের মত দাঁড়িয়ে। তার ছায়া পড়ে এদিকটা প্রায় অন্ধকার। একটা দুটো করে আলোর বিন্দু ফুটে উঠছে বাড়িটার খোপে খোপে। সন্ধ্যাশাঁখের অস্পষ্ট আওয়াজ ভেসে আসছে। সেদিকে অন্যমনস্ক ভাবে চেয়ে রইল পলাশ। কিছুক্ষণ মৌন থেকে আপনমনে বলতে লাগল, কৈলাশ হল ভগবান শিবের খাস তালুক। শুধুমাত্র দেবতার প্রবেশাধিকার। না হয় মানলাম। তাই বলে চরম শাস্তি, প্রাণ কেড়ে নেওয়া। এ কেমনধারা বিচার।

জানতে চাইছিল তারকেশ্বর কেন যাই, ক্ষোভ ঝরে পরে ওর গলায়, যাই বিচার চাইতে। ভগবান তো দিব্যি বাবাকে সরিয়ে দিলেন। পড়ে রইল কে ? এই হতভাগ্য আমি আর মা। নিষ্ঠুর এই পৃথিবীতে আমাদের কি হাল হল, সে খোঁজ তো কই রাখলেন না ! কি অপরাধে এই শাস্তি ? কে এর জবাব দেবে, কার কাছে বিহিত ---', কথা অসমাপ্ত রেখে পলাশ চুপ করে গেল।

স্তব্ধ হয়ে শুনলাম, ওর জীবন কাহিনী নয়, অন্তর থেকে উঠে আসা অব্যক্ত কান্না, অন্তরাত্মার হাহাকার। পাশাপাশি বসে আমরা, অন্ধকারময় ঘেরাজালে। আমার মুখে কথা নেই, পলাশও নিস্তব্ধ। শুধু ওর নীরব কান্নার রেশ আমাদের ঘিরে বারবার প্রশ্ন করে ফিরতে লাগল। আমাদের কি দোষ, হে ঈশ্বর, বলে দাও কি দোষে এমন

শাস্তি।

বহুদিনের বন্ধুত্ব আমাদের, খুব কাছ থেকে জানি ওকে। দিব্যি হৈ হৈ করছে, আড্ডা দিচ্ছে। পড়াশুনাতেও গাফিলতি নেই। এত দুঃখ বেদনা লুকিয়ে রেখেছিল বুঝতেই পারিনি। জীবনের সবচেয়ে রঙিন দিনগুলো পিতৃহীন হয়ে কেটেছে। ওর দুঃখের পরিমাপ করা আমার পক্ষে সম্ভব নয়। সে চেষ্টাও করলাম না। কিন্তু বিহিতের যে কথাটা বলছে, সেটা কি বুঝলাম না। ও কি বাবাকে ফিরে পেতে চায় ! সে কি করে সম্ভব। শোকেতাপে মাথাটা বিগড়ে গেল নাকি ওর।

সান্ত্বনা দিতে গেলে যদি ভুল বোঝে। ভাবে জ্ঞান দিচ্ছে, তাহলেই মুঞ্চিল। কি করি। ঝুঁকি নিয়ে অবশেষে বলেই ফেললাম, পৃথিবীতে কে অমর বল, এসেছি যখন, একদিন যেতে হবেই। চাই আর না চাই। দুঃখ হয় বুঝি, কিন্তু স্মৃতি নিয়ে পড়ে থাকলে কি চলে। বেঁচে থাকতে হলে সব কিছু ভুলে এগিয়ে যেতে হবে।

তা কি জানিনা, অসহায় শোনায় ওকে, কিন্তু পারি কোথায় ! রাতে বিছানায় শুয়ে যখন ঘুম আসেনা, চিন্তাগুলো ফিরে ফিরে আসে। ঘুমিয়ে পড়লেও আসে, স্বপ্নের মধ্য দিয়ে। স্পষ্ট দেখি বাবা কাছে আসতে চাইছে। আমাকে ছুঁতে চাইছে, অথচ দিশা পাচ্ছেনা। মনটা ব্যাকুল হয়ে ওঠে। ইচ্ছে হয় চীৎকার করে ডাকি। বলি বাবা, এই যে আমি এখানে। কিন্তু গলায় স্বর ফোটেনা। বড় অসহায় লাগে তখন।

সোজা হয়ে বসলাম। বলে কি, এ যে পাগলের প্রলাপ।

ভয় ভয় বললাম, কি বলছিস যা তা। যে গেছে সে কখনো ফেরে ! রাত জেগে জেগে বই পড়লে অমন হয়, দুঃস্বপ্ন দেখে। দুদিন রেস্ট নে, সব ঠিক হয়ে যাবে।

উঠে দাঁড়ালাম। বললাম, চল ওঠ। রাত হল, বাড়িতে চিন্তা করবে।

একরকম জোর করে বাড়ি পাঠিয়ে দিলাম ওকে।

সান্ত্বনা দিলাম বটে কিন্তু মনে খটকাটা রয়েই গেল। যা বলছে তার সবটুকুই কি অলীক, মনগড়া। তাই বা কি করে হয়। যেরকম যুক্তিবাদী ছেলে। স্বপ্নকে সত্যি ভেবে গল্প ফেঁদে বসবে, মন সায় দেয় না। সম্ভবত দুশ্চিন্তার ফলে আজীবনে স্বপ্ন দেখছে। সে যাই হোক, কিছু একটা করা দরকার, নইলে বিকারে দাঁড়িয়ে যেতে পারে। কিন্তু কি করব ভেবে পেলাম না। চেঞ্জ যাব ? গেলে সুরাহা হবে ? হয়ত হবে। কিন্তু কোথায় যাব, সুযোগই বা কোথায়।

বরাতজোরে সুযোগ একটা জুটে গেল। এক পিসি থাকেন কাশীতে, মানে এখনকার বারাণসীতে। তিনি অসুস্থ হয়ে পড়লেন। দেখতে যাওয়া কর্তব্য। সমস্যা হল কে যাবে। সবাই ব্যস্ত। একমাত্র আমিই বেকার। কলেজে পূজোর ছুটি চলছে, কাজকর্মের বালাই নেই, খাই দাই আর টো টো করে বেড়াই। লৌকিকতার মত গুরুদায়িত্ব আমাকে দেওয়া চলে কিনা, এ নিয়ে বিস্তর গবেষণা চলল। তারপর সাব্যস্ত হল আমিই যাব, তবে শর্ত সাপেক্ষ। একা নয়, নির্ভরশীল কেউ সঙ্গে যাওয়া চাই। মনে মনে হাসলাম। নির্ভরশীল লোক চাইছে। ঠিক হয়, তাই হবে। ঝামেলা বাঁধাতে পলাশের মত নির্ভরশীল আর কে আছে। ও ই সঙ্গে যাবে।

বারাণসীর কথা শুনে পলাশ কিছুতেই রাজী হয়না। বলে, ও তো তীর্থস্থান, বেড়ানোর জায়গা হল ? তুই যা। বললাম, শুধু কি তীর্থ, গিয়ে দেখ, ঐতিহাসিক মন্দির, দুর্গ টুর্গ এসবও এস্তার আছে। তাছাড়া ভগবান শিবের খোঁজ করছিলি, বিহিতের কথাটথাও কিসব যেন বলছিলি। তাকেও ওখানেই পাবি। অবশ্য যদি কপাল ভাল হয়।

তবু বলে, আর কিছু নেই ? চোখ কপালে তুলে বললাম, সেকিরে, বিনাপয়সায় বেড়ানো, খাওয়া দাওয়া, এসব কম হল, আরও চাস ? ঠিক আছে, ওখানকার বিখ্যাত রাবড়ি মালাই প্যাঁড়া এসবও খাওয়াব। সেই সঙ্গে মশলাদার বেনারসী পান। তা হলে হবে তো !

এর পর রাজি না হয়ে যায় !

বারাণসী পৌঁছে দেখি পিসিমা দিব্যি সুস্থ। পুরনো আমলের চকমিলান দোমহলা বাড়ি। বিস্তর লোকজন। সবাই মিলে সেবা শুশ্রূষা করে চাঙ্গা করে তুলেছে। সাহায্যের কোনো দরকারই পড়লনা। উল্টে আমাদেরই সেবা করতে সবাই উঠে পড়ে লাগল। কোন কাজে যখন লাগছিই না, যতটা পারি ঘুরে বেড়িয়ে নিই। পলাশও এক পায়ে

খাড়া। পরদিনই দুজন শহর দেখতে বেরিয়ে পড়লাম।

শহর ঘুরতে গিয়ে আমরা তাজ্জব। বাঃ, এ যে রামায়ণ মহাভারতের যুগে এসে পড়লাম ! মান্ধাতা আমলের সব দালান কোঠা, জাফরি কাটা জানালা, কারুকাজ করা দরজা। দেয়ালে রঙবেরঙ ছবি। রাজা, রাণী, হাতির পিঠে রাজপুরুষ, ঘোড়সওয়ার সৈনিক, পালকি, বাঘ, এইসব। কোথাও আবার দোরগোড়ায় পাথরের সিংহমূর্তি। এদিকে ছাদে টিভি এন্টেনা, জানালায় এয়ার কুলার, এসবও মজুদ। মাঝেমাঝে দেয়ালে হিন্দি সাইনবোর্ড লটকানো। তাতে মালুম হয় এগুলো আদপে ইলেক্ট্রিক ষ্টোর, কম্পিউটার সেন্টার কিংবা টিউটোরিয়াল হোম। অথচ বাইরে থেকে বোঝার উপায় নেই। প্রাচীনের সাথে নবীনের এমন জগাখিচ্ছি আगे চোখে পড়েনি। তবে একটা ব্যাপার, সব নিঃঝুম, ভেতরে কি চলছে বোঝা মুশ্কিল। গলিগুলো আরেক গোলকধাঁধা। ঢুকলে মনে হয় নিস্তার নেই, সারাজীবন এখানেই থেকে যেতে হবে। বেশির ভাগই কানাগলি, দিনমানেও আবছা অন্ধকার। বেজায় নোংরা, এবং এত সরু সরু, কেবলই মনে হয় দুপাশের বাড়িগুলো চেপে ধরে দম বন্ধ করে দেবে। বিপদ আরো আছে। মাঝেমাঝেই গলিছুড়ে শিবের বাহনরা বসে। এরা যেমনি বিশালকায় তেমনি নিষ্পৃহ। ধ্যানমগ্ন মুনিঋষির মত। শত তড়ুনাতেও নট নড়নচড়ন। পাশ কাটাতে উপায় নেই, যায়গা কোথায়। হাই জাম্প দিয়ে টপকে যাওয়া যায় ঠিকই, তবে তাগ ফসকে ঘাড়ে পড়লে দেখতে হবেনা। শিং এর এক গুঁতোয় মোক্ষলাভ। একবার এরকম এক গলির পাশে পড়ে আমাদের বেহাল অবস্থা। ঘন্টাকানেক ধরে এ গলি ও গলি করছি, বেরোনোর পথ নেই।

চারিধার সুনসান, কেউ নেই যে সাহায্য করে। কোনো বাড়িতে কড়া নাড়ব কিনা ভাবছি। যদি কেউ দয়াপরবশ হয়ে সাড়া দেয়। হঠাৎ দেখি সৰু খাটিয়া চড়ে আষ্টেপৃষ্ঠে বাঁধা মড়া চলেছে। কি যে আনন্দ হল বলার নয়। তড়িঘড়ি পিছু নিয়ে চক্রব্যুহ থেকে বেরিয়ে পড়লাম। বেচারি মড়া মরে গিয়ে আমাদের প্রাণ বাঁচিয়ে দিল।

যাই হোক, দেখাটেখা সব সপ্তাহখানেকের মধ্যে সারা। ফেরার দিন এসে গেল।

বারাণসীতে অনেক ঘাট, সব নদীর ধারে। এতদিন ওমুখো হইনি তার কারণ ছিল। নামে ঘাট হলেও আসলে বেশিরভাগই শ্মশান ঘাট। এর থেকে দূরে থাকাই ভাল, অন্ততঃ পলাশের খাতিরে। কিন্তু ফেরার সময় এগিয়ে আসতে মনে হল এতদূর এলাম, গঙ্গার ঘাটে আরতি দর্শন করলাম না ! কাজটা কি ঠিক হল ? মন খুঁত খুঁত করতে লাগল। রাতে খেতে বসে কথাটা তুললাম। মস্ত একটা ঢেকুর তুলে পলাশ বলল, মাংসটা বেড়ে রেঁধেছে রে। আর পায়েরটা যা হয়েছে, ফার্স্ট ক্লাশ। বললাম, রাখ তোর পায়ের। আরতি দেখবি, না এমনি ফিরে যাবি, সেটা বল। ও বললে, এটা একটা প্রশ্ন হল ? আরতিই দেখব, এ সুযোগ ছাড়ে ! ঘন্টাখানেকের ব্যাপার, যাব আর আসব। এদিক সেদিক না তাকালেই হল। দেরি নয়, কালই যাই চল।

পরদিনই গেলাম। সন্ধ্যা হতেই দুজন দশাশ্বমেধ ঘাটে পৌঁছে গেলাম। আরতি দেখেটেখে আবার যখন কেদার ঘাটে ফিরলাম, অন্ধকার ঘোর হয়ে এসেছে। নৌকো থেকে নেমে পলাশ থমকে দাঁড়াল। ওর দৃষ্টি অনুসরণ করে দেখি জলের ধার ঘেঁষে একটা চিতা, দাউ দাউ করে জ্বলছে। ঘিরে গুটিকতক লোকজন। সামান্য তফাতে একটি কিশোর, একা দাঁড়িয়ে। দেহাতি ভাষায় চিৎকার করে কাঁদছে, কেউ ফিরেও তাকাচ্ছেনা। অদ্ভুত ঠেকল। দেখতে যাচ্ছি, পলাশ বাধা দিল। বলল, কি হবে দেখে। রাত হয়েছে ফিরি চল।

পাথরের সিঁড়ির উঁচু উঁচু ধাপগুলো পেরিয়ে ওপরে উঠে দম নিচ্ছি। দেখি বাঁহাতি একটা চাতাল, সেখানে একটা ছোটখাটো সমাবেশ। ল্যাম্পপোষ্টের স্নান আলোয় চোখে পড়ল এক সাধুকে। বয়স বোঝা মুশ্কিল, আটান্ন হতে পারে, অষ্টআশি হতেও বাধা নেই। একমুখ কাঁচাপাকা দাড়ি, মলিন বেশবাস, দীনহীন ভবঘুরে চেহারা। সাধুবাবা গীতার মাহাত্ম্য ব্যাখ্যা করছেন। প্রথমটা মনে হল মামুলি কথাবার্তা, নতুনত্ব কিছু নেই। তবে বলার ভঙ্গিতে আকর্ষণ আছে বটে। যে কারণে ঘুরে দাঁড়লাম তা হল, বাবাজির ভাষাটা বাংলা।

পলাশ পায়ে পায়ে এগিয়ে গেল, আমি পিছু নিলাম। অপরিসর চাতালের সবটুকু জুড়ে লোকজন বসে। অগত্যা ঘুরে পেছনে গিয়ে দাঁড়াতে হল।

সাধুবাবা একটি করে সংস্কৃত শ্লোক উদ্ধৃত করছেন। তারপর সেটা বাংলা করে বুঝিয়ে দিচ্ছেন। প্রায় আধঘন্টা হয়ে গেল বলেই চলেছেন, থামার লক্ষণ নেই। বইটাই থেকে নয়, সমস্তটাই স্মৃতিনির্ভর পাঠ। ক্ষমতা আছে বলতে হবে। বাবাজি পরীক্ষায় বসলে গোল্ড মেডেল আটকায় কে।

একমনে শুনছি, পাশে পলাশ ভাবলেশহীন, মনে কি চলছে বলা মুশ্কিল। একটাই আশঙ্কা, কোনো গোলমাল বাধিয়ে না বসে।

একসময় বাবাজি জন্মান্তরবাদে এসে পড়লেন। গীতার কথায়, *শরীরং যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ।*

গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাসয়াৎ।।

উৎক্রামন্তঃ স্থিতং বাপি ভুঞ্জানাং বা গুণায়িতম্।

বিমূঢ়ো নানুপশ্যন্তি পশ্যন্তি জ্ঞানচক্ষুষঃ।।

অর্থাৎ, বায়ু যেমন ফুলের গন্ধ বহন করে অন্যত্র নিয়ে যায়। তেমনি, মৃত্যুর মধ্য দিয়ে জীবাত্মা জীবিতকালের ধারণা বা অভিজ্ঞতাসমূহ বহন করে এক শরীর থেকে অন্য শরীরে নিয়ে যায়। মৃত্যুর পর কর্মফল ভোগের জন্য জীব সূক্ষ্মদেহ ধারণ করে। ধারণা বা অভিজ্ঞতাগুলো সাথেই থাকে। কর্মফল ভোগ বা স্বর্গ-নরক ভোগ শেষে সে যখন পরবর্তী শরীর ধারণ করে বা পূর্ণজন্ম লাভ করে, তখনো গত জন্মের ঘটনাগুলো সাথেই থাকে। কেউ তা স্মরণ করতে পারে, কেউ পারে না। জীবের বর্তমান শরীর ও জীবনের কার্যকলাপই নির্ধারণ করে পরবর্তী শরীরের পটভূমি।

জীবন মৃত্যু ইহকাল পরকাল, এ নিয়ে তর্ক বিতর্ক আলোচনা আজকের নয়, আবহমান কালের। শোনাই সার, কখনো মাথা ঘামাইনি। দরকারও পড়েনি। মৃত্যু আছে নিজের জায়গায়, যখন আসে দেখা যাবে।

মৃত্যুর পর কি হবে, আদৌ কিছু হবে কিনা, কে জানে। যা অজানা তা নিয়ে মাথা ঘামিয়ে লাভ কি। বরঞ্চ পরীক্ষা চাকরি এসব বাস্তব জিনিষ নিয়ে চিন্তা করলে কাজ দেবে।

আড় চোখে চেয়ে পলাশের মুখের ভাবে একটা পরিবর্তন লক্ষ্য করলাম। শোনার আগ্রহ বেড়েছে মনে হল। যাই হোক, পাঠ চলতে লাগল।

একসময় এল গীতার সেই বিখ্যাত শ্লোক : *জাতস্য হি ধ্রুবো মৃত্যুধরুর্বৎ জন্ম মৃতস্য চ।*

তস্মাদপরিহার্যেহর্থেন ত্বং শোচিতুমর্হসি।।

যার জন্ম হয়েছে তার মৃত্যু অবশ্যস্বাবী। যার মৃত্যু হয়েছে তার জন্মও অবশ্যস্বাবী। অতএব কর্তব্য সম্পাদনের সময় শোক করা উচিত নয়।

এই পর্যন্ত বলে বাবাজি স্তব্ধ। সপ্রশ্ন দৃষ্টিতে চেয়ে আছেন আমাদেরই দিকে।

কি হল, হঠাৎ চুপ করলেন কেন ?

আর কি হবে। চিরকাল যা হয়ে আসছে তাই। আমাদের পলাশ, ট্র্যাফিক কন্ট্রোল করার কায়দায় এক হাত তুলে

দাঁড়িয়ে। শুধু হাত তুলে ক্ষান্ত নয়, বিদায় দেওয়ার ভঙ্গিতে ঘন ঘন নাড়ছে। অর্থাৎ এদিকে দেখুন, আমার কিছু বক্তব্য আছে।

এইরে, আবার একটা গোলমাল বেঁধে উঠছে। কলকাতায় নয়, এবার বারাণসীতে। মুশকো চেহারার হিন্দুস্থানী লোকজন সব আশেপাশে ছড়িয়ে ছিটিয়ে। প্রায় সবার হাতে একটা করে লাঠি। সাধু মোহন্তের অপমান হলে কি ছেড়ে কথা বলবে। মনে হয় না। হায় হায়, কেন যে ওর ভাল করতে গেলাম। হাড়গোড়গুলো আন্ত থাকলে হয়। বাধা দেব, তার আগেই ও প্রশ্নোত্তরের পালা শুরু করে দিয়েছে।

বলছে, জন্ম মৃত্যু জন্মান্তর, সবই হল। ভালই বললেন। পুনর্জন্ম আছে প্রমাণ কি।

